

তথ্য অধিকার আইন জনগণকে ক্ষমতায়িত করেছে
প্রধান তথ্য কমিশনার

তথ্য কমিশন কমিউনিটি রেডিও এর স্টেশন ম্যানেজার ও প্রোগ্রাম প্রোডিউসারদের জন্য তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে প্রশিক্ষক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করে। প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ উক্ত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন।



কমিউনিটি রেডিও এর স্টেশন ম্যানেজার ও প্রোগ্রাম প্রোডিউসারদের তথ্য অধিকার আইন ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করছেন প্রধান তথ্য কমিশনার জনাব মরতুজা আহমদ।

প্রধান তথ্য কমিশনার কর্মশালার উদ্বোধনী বক্তব্যে বলেন, তথ্য অধিকার আইন দেশের একটি অনন্য আইন। অন্য সকল আইন কর্তৃপক্ষ জনগণের উপর প্রয়োগ করে জনগণকে নিয়ন্ত্রণ করার জন্য। তথ্য অধিকার আইনই একমাত্র আইন যেটি জনগণ কর্তৃপক্ষের উপর প্রয়োগ করে। এই আইন জনগণকে ক্ষমতায়িত করেছে। তথ্য অধিকার আইন জনগণের তথ্য জানার অধিকারকে আইনগত স্বীকৃতি দিয়েছে।

প্রধান তথ্য কমিশনার বলেন, প্রাচীনকাল থেকেই জনগণ কোনো না কোনো ভাবে তথ্যের আদান-প্রদান করে আসছে। তথ্য অধিকার আইন তথ্যের অবাধ প্রবাহ নিশ্চিত করে। রাষ্ট্রযন্ত্রের সকল স্তরে স্বচ্ছতা আনয়ন, জবাবদিহিতা নিশ্চিত এবং দুর্নীতিহ্রাসের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠায় তথ্য অধিকার আইন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার এবং তথ্য কমিশনার জনাব সুরাইয়া বেগম এনডিসি আইনটির উৎপত্তি, কীভাবে তথ্য প্রাপ্তির আবেদন করতে হয়, কীভাবে আপিল করতে হয়, কীভাবে অভিযোগ দায়ের করতে হয়, তথ্য প্রদান না করলে কী শাস্তির বিধান রয়েছে প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণার্থীদের সম্যক ধারণা দেন।

স্বাক্ষরিতঃ-

২৭.০৬.২০১৮

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন- ০২-৯১৩৭৩৩২

মোঃ ০১৭১০-৪৩৭২৬৬

E-mail: pro@infocom.gov.bd